গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১)-৩৪

তারিখ: ২৪ মাঘ, ১৪২৮ ব:
০৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি:

**বিষয়: জানুয়ারি, ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

তারিখ : ০৬-০২-২০২২ খ্রি:

সময় : বেলা ২.৩০ ঘটিকা

স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে জাতীয় নদী রক্ষা কমিশনের সাবেক চেয়ারম্যান এস এম আলী কবির-এর মৃত্যুতে আত্মার শান্তি কামনায় এক মিনিট নিরবতা পালন করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ০৪-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | ০৪-০১-২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | – |
| ২. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | <u>মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:</u><br><br>ক. যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, প্রাথমিকভাবে মেরিন একাডেমীসমূহে ক্যাডেটদের ভর্তি সম্পন্ন হয়েছে এবং ১৬-০১-২০২২ তারিখ থেকে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ে অপেক্ষমান তালিকা থেকে ১৪.০২.২০২২ তারিখে ভর্তি শেষ হবে। | ক. বাস্তবায়িত আলোচ্যসূচি হতে বাদ দেয়া যেতে পারে। | ১. যুগ্মসচিব (প্রশাসন)<br><br>২. উপসচিব (নৌশিক্ষা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ. গত ০২-১২-২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির সভায় নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপন সংশোধন করা হয়েছে এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণের সুপারিশ করা হয়েছে। এ মন্ত্রণালয় থেকে সে অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।<br>গ. নতুন ৪টি মেরিন একাডেমির প্রতিটিতে ২৬ জন করে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রস্তাবের বিপরীতে অর্থ বিভাগ হতে প্রতিটির অনুকূলে ১৬টি করে মোট ৬৪টি পদে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। অবশিষ্ট ৪০টি (১০×৪) পদে আউটসোর্সিং জনবল নিয়োগের জন্য পুনরায় ১৭-০১-২০২২ তারিখে অর্থ বিভাগের সম্মতির জন্য পত্র দেওয়া হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।<br>ঘ. প্রেষণে জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>ঙ. যুগ্মসচিব (পরিকল্পনা) জনাব রফিক আহম্মদ সিদ্দিক জানান যে, নব নির্মিত ৩টি মেরিন একাডেমির হস্তান্তর কার্যক্রম সম্পন্ন হয়েছে। সিলেট মেরিন একাডেমির কার্যক্রম শীঘ্রই শেষ করে হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করা হবে। | খ. সমন্বিত নিয়োগবিধি চুড়ান্তকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।<br>গ. আউটসোর্সিং প্রক্রিয়ায় অবশিষ্ট ৪০ জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।<br>ঘ. প্রেষণে জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।<br>ঙ. নব নির্মিত অবকাঠামোসহ অন্যান্য সুবিধাদি হস্তান্তর কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | যুগ্মসচিব, উপসচিব সংশ্লিষ্ট কমাড্যান্টগণ |
| ৩. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | সভায় ২০২০-২০২১ অর্থ বছরের দাখিলকৃত এপিএ-এর ফলাফল এবং ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ-এর অগ্রগতি বিশ্লেষন করা হয়। | ক. এপিএ-তে স্থিরিকৃত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. অতিরিক্ত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ের এপিএ বিষয়ক টিম লিডার, অতিরিক্ত সচিব (সংস্থা-১), জনাব সঞ্জয় কুমার বণিক এ বিষয়ে বলেন, ২০২০-২০২১ অর্থ বছরের এপিএ-এর ফলাফল অনুযায়ী ৫১টি মন্ত্রণালয়ের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয় ১৩তম স্থান লাভ করে যা এ যাবৎ সেরা সফলতা। ২০১৯-২০২০ অর্থবছরে অবস্থান ছিলো ৪৮তম। তবে এপিএতে মোবক-এর ১০০ ঘ: মি: ড্রেজিং করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিলো। কিন্তু বাস্তবে মোবক ১৬ ঘ: মি: ড্রেজিং করেছে। চেয়ারম্যান মোবক এ বিষয়ে জানান যে এপিএতে ১০০ ঘ: মি: লক্ষ্যমাত্রা থাকলেও বাস্তবে তা ৫০/৬০ ঘ: মি: ড্রেজিং করা সম্ভব হবে। কারণ ভূমি অধিগ্রহণ কার্যক্রম বিলম্ব হওয়ায় লক্ষমাত্রা অর্জন করা সম্ভ নয়। এছাড়া তিনি আরো জানান যে এপিএতে বিআইডব্লিউটিএ ২০০০ সীমানা পিলার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়। কিন্তু বাস্তবে বিআইডব্লিউটিএ ৫৫০টি সীমানা পিলার স্থাপন করেছে। এ পর্যায়ে সভাপতি বলেন তাহলে এপিএতে টার্গেট নির্ধারণের ক্ষেত্রে আরো যত্নবান হতে হবে। | এপিএ টিম নিয়মিত সভা করবে। দপ্তর ও সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।<br>খ. মন্ত্রণালয়ের এপিএ টিম এপিএ-এর লক্ষ্যমাত্রা পূরনের প্রক্রিয়া যথাযথভাবে মনিটরিং করবে এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে। | সচিব (সংস্থা-২) |
| ৪. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | **ই-নথি ব্যবস্থাপনাঃ**<br>সিস্টেম এনালিস্ট জনাব জি এম ফয়সাল আহমদ মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন (**পরিশিষ্ট-গ)**। প্রতিবেদন পর্যালোচনা দেখা যে পূর্বের তুলনায় দপ্তর ও সংস্থাসমূহ ই-নথি কার্যক্রম আরো জোরদার করেছে।<br>সভাপতি ই-নথি কার্যক্রমের এই প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা দেন। | ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ৮০% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে।<br>খ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **ওয়েবসাইট হালনাগাদকরণঃ**<br>সিস্টেম এনালিস্ট জানান, দপ্তর/সংস্থার যে সব তথ্য এখনও হালনাগাদ করা হয়নি সেসব দ্রুততম সময়ে হালনাগাদ করা প্রয়োজন। | হবে। | |
| ৫. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থসমূহের মন্ত্রণালয়ের দপ্তর ও সংস্থসমূহের ৩৯৩টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৭৯২টি অগ্রিম আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৩২০টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। এগুলোর সাথে ২৬৭৪৮.৬০ কোটি টাকা জড়িত রয়েছে।<br><br>চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি এ বিষয়ে জানান, বিভিন্ন মামলার কারণে অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছেনা।<br><br>সভাপতি দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার জন্য অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করেন এবং নিয়মিত সভার করার জন্য অনুরোধ জানান। | ক. দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভা করার জন্য অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার করতে হবে।<br><br>খ. অডিট আপত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অডিট অধিদপ্তরে পত্র যোগাযোগের ক্ষেত্রে পত্রের অনুলিপি উর্দ্ধতন কর্মকর্তাকে প্রদান করতে হবে।<br>গ. মামলা সম্পর্কে হালনাগাদ তথ্য সংগ্রহ এবং দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য হতে তদবিরকারক নিয়োগ করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br><br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান |
| ৬. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪৪৪ টি। ৪১১ টির জবাব দাখিল করা | ক. মামলা নিষ্পত্তির জন্য যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল নিশ্চিত করতে হবে। | ১. দপ্তর ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। ৩০টির জবাব দাখিল করা হয়নি। সরকারের পক্ষে ৫টি মামলা নিষ্পত্তি হয়েছে। চবকের ৩টি মামলা সরকারের বিপক্ষে রায় হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি জানান যে স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সকল দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণ অনুরোধ জানান। | খ. মামলা সম্পর্কে হালনাগাদ তথ্য সংগ্রহ এবং দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের মধ্য হতে তদবিরকারক নিয়োগ করতে হবে।<br><br>গ. স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে অধিক গুরুত্ব আরোপ করতে হবে। | সংস্থা প্রধান<br><br>২. আইন ও অডিট অধিশাখা। |
| ৭. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে তথ্য অধিকার আইন অনুসরণ করে তথ্য প্রদান করা হচ্ছে।<br><br>সভাপতি মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থায় তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করার অনুরোধ জানান। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তিতে সচেষ্ট থাকতে হবে।<br><br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। তথ্য প্রাপ্তির আবেদন না পাওয়া গেলে শূণ্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৮. | **বিবিধ:**<br>**৮.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ দরপত্র প্রকাশ করেছে।<br><br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কাজ শেষ করার তাগিদ দেন। | মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ অতিরিক্ত কাজসমূহ দ্রুত শেষ করতে হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| | **৮.২ ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে প্রয়োজনীয় কাগজপত্রসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২৮-১২-২০২১ তারিখের পত্রে নির্ধারিত চেকলিস্ট মোতাবেক প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণ করে দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১. যুগ্মসচিব (প্রশাসন)<br><br>২. দপ্তর ও সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণ করে দ্রুত প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| | **৮.৪ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | এ বিষয়ে বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০১-১২-২০২১ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ইজারা সংক্রান্ত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট সংক্রান্ত সুস্পষ্ট তথ্য বিআইডব্লিউটিএ এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ বিষয়ে বিআইডব্লিউটিএ থেকে ইজারা সংক্রান্ত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর বিষয়ে সুস্পষ্ট তথ্য এখনো পাওয়া যায় নি।<br>অতিরিক্ত সচিব (সংস্থা-১) জানান যে, বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে গত ০১-১২-২০২১ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী বিআইডব্লিউটিএ ইজারা সংক্রান্ত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর দাগ এবং মৌজা নম্বরসহ বিস্তারিত তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ বিষয়ে এখনো তথ্য পাওয়া যায়নি।<br>সভাপতি বলেন, এ বিষয়ে সঠিক তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যক। তিনি সভার সিদ্ধান্ত মোতাবেক তথ্যাদিসমূহ দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের তাগিদ দেন। | ক. বিআইডব্লিটিএ ইজারাকৃত বিরোধপূর্ণ ঘাট/ পয়েন্ট এর দাগ এবং মৌজা নম্বরসহ বিস্তারিত তথ্য জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>খ. এ বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে আলাদাভাবে সভা করতে হবে। | বিআইডব্লিউটিএ |
| | **৮.৫ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা থেকে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। | কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তির জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তির বিষয়ে সচেষ্ট থাকার জন্য সবাইকে অনুরোধ জানান। | | নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **৮.৬। অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, বিআইডব্লিউটিএ ও জাতীয় নদী রক্ষা কমিশন থেকে নতুন অনিষ্পন্ন তালিকা পাওয়া গেছে। অন্যান্য দপ্তর-সংস্থা থেকে নতুন অনিষ্পন্ন তালিকা পাওয়া যায়নি। দপ্তর ও সংস্থাসমূহ থেকে প্রস্তাবগুলো এ মন্তণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে এবং শাখা যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে পারেন।<br>সভাপতি মহোদয় এ বিষয়ে দপ্তর-সংস্থাপ্রধানগণকে তাদের অনিষ্পন্ন কাজের তালিকা উপস্থাপনের জন্য অনুরোধ জানান।<br>তদপ্রেক্ষিতে চেয়ারম্যান বাস্থবক সভাকে জানান যে স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০১৬ এর খসড়া, স্থলবন্দরসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত ৭ ক্যাটাগরির ১৯টি পদ সৃজন, ১৪টি কেয়ারটেকারের পদ সৃজন সংক্রান্ত বিষয়গুলো দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন রয়েছে।<br>এ বিষয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান যে তাদের ১০টি অনিষ্পন্ন তালিকা রয়েছে- তন্মধ্যে অধিদপ্তরের নিয়োগবিধি সংক্রান্ত, বিদ্যমান পদের বেতন স্কেল উন্নীতকরণ সংক্রান্ত, অস্থায়ীভাবে সৃজিত ১৫৬টি পদের মধ্যে ২০টি পদ স্থায়ীকরণ সংক্রান্ত, অস্থায়ীভাবে সৃজিত ১৫৬ টি পদের মধ্যে ১৬টি অফিস সহায়ক পদে আউট সোর্সিং এর পরিবর্তে সরাসরি নিয়োগের জন্য | ক. মাসিক সমন্বয় সভায় মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন কাজের তালিকা পেশ করতে হবে।<br><br>খ. দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা মন্তণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে এবং অধিশাখা/শাখা কর্তৃক যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।<br><br>গ. আগামী এক সপ্তাহের মধ্যে দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের করতে হবে। | ১. মন্ত্রণালয়<br><br>২. দপ্তর ও সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সম্মতি প্রদান সংক্রান্ত বিষয়গুলো দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন রয়েছে।<br>এছাড়া বিআইডব্লিউটিএ সদস্য (অর্থ) জানান যে অভ্যন্তরীণ নদী বন্দর আইন, নেত্রকোণা জেলাধীন মোহনগঞ্জ নদী বন্দরের সীমানা বর্ধিতকরণের প্রজ্ঞাপন জারি, বিআইডব্লিউটিএর নিয়ন্ত্রণাধীন ডেক ও ইঞ্জিণ কর্মী প্রশিক্ষণ কেন্দ্র, নারায়নগঞ্জ এর জন্য ৭টি পদ সৃজন সংক্রান্ত বিষয়গুলো অনিষ্পন্ন রয়েছে। এ পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (সংস্থা-১) জানান যে বিআইডব্লিউটিএর উপস্থাপিত অনিষ্পন্ন বিষয়সমূহের মধ্যে কিছু নথি উপস্থাপন করা হয়েছে, কিছু অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, কিছু বিআইডব্লিউটিএর নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি মহোদয় সকল দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন তালিকা আগামী এক সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-
০৮.০২.২০২২
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১)-৩৪

তারিখ ২৭ মাঘ, ১৪২৮ ব: / ০৯ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৯.০২.২২
(মোঃ আলাউদ্দিন)
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

০৬-০২-২০২২ তারিখ বেলা ০২.৩০ টায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | শায়লা জেসমিন<br>অতিঃ সচিব, নৌপম | ০১৮২৬ ৭২ ০৬ ০৯ | [signature] ৬/২/২০২২ |
| ২. | মুহম্মদ আব্দুল হামিদ<br>অতিরিক্ত সচিব (উ:), নৌপম | ০১৭১৫০৫১৫০৪ | [signature] |
| ৩. | [illegible]<br>অতিরিক্ত সচিব, নৌপম | ০১৭১২৮৬১২২৬ | [signature] ৬.২.২০২২ |
| ৪. | এ.কে.এম. শামিমুল হক ছিদ্দিকী<br>অতিঃ সচিব | 01575035133 | [signature] ৬/২/22 |
| ৫. | [illegible] হাফিজুর রহমান হাকিম<br>যুগ্মসচিব, নৌপম | 01712397961 | [signature] ৬/২/22 |
| ৬. | আবদুস ছাত্তার শেখ<br>সদস্য (অর্থ), [illegible] | 01711425230 | [signature] ০৬/০২/22 |
| ৭. | মো: আব্দুস ছাত্তার, উপসচিব<br>নৌপম | 01748602969 | [signature] ০৬.2.22 |
| ৮. | [illegible]<br>সি. এনালিস্ট, নৌপম | ০১৭১৩৮22089 | [signature] 06/02/22 |
| ৯. | মো: আনোয়ার উদ্দিন<br>সহকারী সচিব, নৌপম | 01817509277 | [signature] ৬.2.22 |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |

পরিশিষ্ট-গ

| নৌপরিবহন মন্ত্রণালয় এর ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ - ৩১ জানুয়ারি, ২০২২) | | | | | |
|---|---|---|---|---|---|
| শাখা/অধিশাখা | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট | বিগত মাসে নথি নিষ্পত্তি |
| চবক শাখা | ৮৪ | ০ | ১২ | ৯৬ | ৯৩ |
| নৌশিক্ষা ও প্রশিক্ষণ | ৪৫ | ৮ | ২৫ | ৮৯ | ৯৮ |
| টিএ শাখা | ২৯ | ০ | ৫৫ | ৮৪ | ৯৯ |
| বাস্তবক শাখা | ৫৯ | ৩ | ০ | ৬২ | ৪৯ |
| চুক্তি ও প্রটোকল শাখা | ৪৪ | ২ | ৮ | ৫৪ | ১০১ |
| প্রশাসন শাখা | ৪৩ | ১১ | ১০ | ৫৩ | ৩২ |
| আইন শাখা | ৩৩ | ১ | ৯ | ৪৩ | ১৯ |
| উন্নয়ন-১ অধিশাখা | ৪ | ৩ | ৩১ | ৩৮ | ২০ |
| পরিকল্পনা-১ অধিশাখা | ৯ | ০ | ২৭ | ৩৬ | ১২ |
| উন্নয়ন-২ অধিশাখা | ২ | ০ | ৩১ | ৩৩ | ২১ |
| জাহাজ শাখা | ১২ | ১৯ | ০ | ৩১ | ৬৩ |
| অডিট শাখা | ১২ | ২ | ৯ | ২৩ | ৩৪ |
| সংসদ ও সমন্বয় শাখা | ১৬ | ১ | ৫ | ২২ | ১১ |
| মোবক শাখা | ৫ | ৫ | ৯ | ১৯ | ৬২ |
| পরিকল্পনা-২ শাখা | ২ | ২ | ১২ | ১৬ | ৬ |
| সুশাসন শাখা | ২ | ৭ | ৪ | ১৩ | ৯ |
| টিসি শাখা | ১ | ০ | ১০ | ১১ | ৮ |
| পরিকল্পনা-৩ শাখা | ০ | ২ | ৭ | ৯ | ১৬ |
| বিএসসি শাখা | ২ | ১ | ৪ | ৭ | ৮ |
| উন্নয়ন-৩ শাখা | ০ | ০ | ৬ | ৬ | ১৮ |
| পিপিপি শাখা | ০ | ০ | ৫ | ৫ | ৩ |
| পাবক শাখা | ২ | ০ | ০ | ২ | ২ |
| হিসাব শাখা | ২ | ০ | ০ | ২ | ৪ |
| বাজেট শাখা | ১ | ০ | ১ | ২ | ৬ |

| দপ্তর/সংস্থার ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ - ৩১ জানুয়ারি, ২০২২) | | | | | |
|---|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থার নাম | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট | বিগত মাসে নথি নিষ্পত্তি |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ৬৯৫৩ | ১৩৪৯ | ১৮৩৭ | ১০১৩৯ | ৩৮৩৪ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ | ৮৮ | ৫৫৮ | ৭২৬ | ১৩৭২ | ১০৬৮ |
| নৌপরিবহন অধিদপ্তর | ৮০ | ৪৩৫ | ৫৩৬ | ১০৫১ | ৬৯৮ |
| বাংলাদেশ শিপিং কর্পোরেশন | ৬২ | ৩৬০ | ১৪২ | ৫৬৪ | ৫৪১ |
| বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | ১০২ | ৬৫ | ৮৪ | ২৫১ | ১৭৬ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন | ৯ | ১৬০ | ৮২ | ২৫১ | ৭৭ |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ৩ | ৮১ | ১০৮ | ১৯২ | ১৪৪ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ০ | ১০৪ | ৪০ | ১৪৪ | ১৭৯ |
| নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর | ৪৯ | ৩৬ | ৫৩ | ১৩৮ | ১৬১ |
| বাংলাদেশ মেরিন একাডেমী | ২ | ৯৫ | ৩৮ | ১৩৫ | ২৫ |
| ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট | ০ | ০ | ২৮ | ২৮ | ২৬ |

# মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রমের অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর, ২০২১) অগ্রগতি প্রতিবেদন

| | |
|---|---|
| ই-ফাইলে নথি নিষ্পত্তিঃ | ৩২১০ |
| হার্ডফাইলে নথি নিষ্পত্তিঃ | ৬৩৬ |
| সর্বমোট নথি নিষ্পত্তিঃ | ৩৮৪৬ |
| **ই-নথিতে নিষ্পত্তির হারঃ** | **৮৩.৪৬** |